# ২০২৩ – ২০২৪ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে অনলাইনে প্রাথমিক ভর্তির নির্দেশিকা

২০২৩-২৪ শিক্ষাবর্ষে GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে ১ম বর্ষে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া GST ওয়েবসাইট (https://gstadmission.ac.bd/)-এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। প্রাথমিক ভর্তির জন্য আবেদনকারীকে -


(i) আংশিক ভর্তি ফি বাবদ ৫০০০/- (পাঁচ হাজার মাত্র) টাকা অনলাইনে নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে।

(ii) বিল পরিশোধের পর আবেদনকারীকে এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্র নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ঠ বিশ্ববিদ্যালয় (যে বিশ্ববিদ্যালয়ে প্রথম ভর্তি হবে)-এ জমা দিতে হবে।


উপরোক্ত দুইটি প্রক্রিয়া নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে সম্পন্ন না করলে প্রাথমিক ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।

**নিম্নের ধাপগুলো অনুসরণ করে অনলাইনে প্রাথমিক ভর্তি সম্পন্ন করতে হবে।**


১। GST ওয়েবসাইট (https://gstadmission.ac.bd/)-এর নিম্নে প্রদর্শিত Student Login বাটনে ক্লিক করতে হবে।





২। Student Login বাটনে ক্লিক করলে নিচের পেজটি দেখা যাবে। এখানে GST Applicant ID এবং GST Password ব্যবহার করে লগইন করতে হবে।





৩। নিচের পেজটি প্রদর্শিত হবে। পছন্দক্রমে অন্তর্ভূক্ত বিভাগসমূহের মধ্যে যে বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নামসহ সেই বিভাগ প্রদর্শিত হবে। বিভাগের পাশের Admit বাটনে ক্লিক করে নির্ধারিত বিভাগে প্রাথমিক ভর্তি সম্পন্ন করতে হবে। পছন্দক্রমের **কোন বিশ্ববিদ্যালয় তথা বিভাগে ভর্তির জন্য নির্বাচিত না হলে বিভাগের নাম ও** Admit **বাটন প্রদর্শিত হবেনা।**





৪। Admit বাটনে ক্লিক করলে নিচের পেজটি প্রদর্শিত হবে। আবেদনকারীর মোবাইল নম্বরে প্রাপ্ত চার ডিজিটের ভেরিফিকেশন কোড প্রদান করে Verify বাটনে ক্লিক করতে হবে। আবেদনের জন্য অগ্রসর হতে না চাইলে Go Back বাটনে করতে হবে।




৫। মোবাইল ভেরিফিকেশন সম্পন্ন হলে নিচের পেজটি প্রদর্শিত তথ্য সঠিক হলে Submit বাটনে ক্লিক করতে হবে। তথ্য সঠিক না হলে Back to Student Panel বাটনে ক্লিক করে পরবর্তী ধাপ অনুসরণ করতে হবে।





৬। Submit বাটিনে ক্লিকের পর নিচের পেজটির মাধ্যমে ৫০০০/- (পাঁচ হাজার টাকা)-এর একটি বিল প্রদর্শিত হবে। বিলটি নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে।





উপরের পেজের Make payment বাটনে ক্লিক করে বিলটি পরিশোধ করা যাবে। ক্রেডিট কার্ড, মোবাইল ব্যাংকিং ও নেট ব্যাংকিং-এর সাহায্যে বিল পরিশোধ করা যাবে। বিল সফল ভাবে পরিশোধ হলে নিচের পেজটি প্রদর্শিত হবে।

তবে বিলটি পরবর্তীতেও (অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে) নির্ধারিত নিয়মে Student Panel-এ লগইন করে পরিশোধ করা যাবে। **বিল পর্রিশোধ না করে মূল নম্বরপত্র জমা দেওয়া যাবে না।**




উপরোক্ত পেজের Download Acknowledgement Slip বাটনে ক্লিক করে Payment স্লিপটি সংগ্রহ করতে হবে। পরবর্তীতে Student Panel-এর পেমেন্ট এর বিবরণের Download বাটনে ক্লিক করেও Payment স্লিপটি সংগ্রহ করা যাবে।



GST-UNIVERSITIES INTEGRATED ADMISSION :
Acknowledgement Slip for Preliminary Admission

| | |
|---|---|
| GST Applicant ID | [redacted] |
| Candidate's Name | [redacted] |
| Applied Unit | A |
| GST Roll | [redacted] |

| Admission Information | |
|---|---|
| Admission University | Noakhali Science and Technology University, Noakhali |
| Admitted Subject/Program | Bangladesh and Muktijuddo Studies |
| Bill Amount | 5,000.00 |
| Payment Status | Paid |

| Document Information | |
|---|---|
| Documents | No Document Submitted yet |
| Received At | - |
| Date & Time | - |

৮। বিল পরিশোধ করার পর সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে মূল কাগজপত্র জমা দেওয়ার পুর্বে Student Panel- টি নিম্নের ন্যায় প্রদর্শিত হবে।

GST - Universities Integrated Admission System 2023-24

| | |
|---|---|
| MATHEMATICS | 7.50 |
| BIOLOGY | 9.50 |
| BANGLA | - |
| ENGLISH | - |
| TOTAL SCORE | 34.00 |
| STATUS | Eligible |
| MERIT POSITION | 34118 |
| ARCHITECTURE SCORE | 0.00 |

অ্যাডমিশন সংক্রান্ত পেমেন্ট এর বিবরণ

| Purpose | Amount | Payment Status | Action |
|---|---|---|---|
| Admission | TK. 5000 | Paid | download |

GST Admission

| Current University | Current Department | Remarks | Action |
|---|---|---|---|
| Bangabandhu Sheikh Mujibur Rahman Digital University, Gazipur | Software Engineering | - | Admission Complete |

Show Quota Info. | View Choice List | Download Choice List | Stop All Migration | Stop University Migration

Exit

**৯। মূল কাগজপত্র জমাঃ** বিল পরিশোধের পরে আবেদনকারীর এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্র নির্ধারিত সময়ের মধ্যে প্রথম ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে। সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় হতে নিম্নের ন্যায় প্রদর্শিত স্লিপটি (মূল নম্বরপত্র দুটি গ্রহণকারীর নাম, স্বাক্ষর ও সিলসহ) অবশ্যই সংগ্রহ করতে হবে। এর মাধ্যমে নির্দিষ্ট বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন হবে।

Applicant Copy

GST-UNIVERSITIES INTEGRATED ADMISSION

Receipt for Submitted Original Documents

| | |
|---|---|
| GST Applicant ID | [redacted] |
| Candidate's Name | [redacted] |
| Applied Unit | A |
| GST Roll | [redacted] |

[redacted]

| Admission Information | |
|---|---|
| Admission University | Jashore University of Science and Technology, Jashore |
| Admitted Subject/Program | Nursing and Health Science |
| Bill Amount | 5,000.00 |
| Payment Status | Paid |

GST


| Document Information | |
|---|---|
| Documents | SSC_MARKSHEET<br>HSC_MARKSHEET |
| Received At | Jashore University of Science and Technology, Jashore |
| Date & Time | 2023-07-16 18:05:01 |

Name and Signature of Receiver
(with Official Seal)


১০। প্রাথমিক ভর্তি সম্পন্ন হওয়ার পর GST ওয়েবসাইটে লগইন করলে Student Panel নিম্নরূপ প্রদর্শিত হবে। পরবর্তীতে নির্দিষ্ট বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত বিভাগ/সাবজেক্ট হতে অপেক্ষাকৃত অধিকতর পছন্দের ঐ বিশ্ববিদ্যালয়ের অথবা অন্য কোন বিশ্ববিদ্যালয়ের বিভাগ/সাবজেক্টে সয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন হবে। **সেক্ষেত্রে জমাকৃত মূল কাগজপত্র পরবর্তী বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরের প্রয়োজন হবে না।**

## ১১। মাইগ্রেশন স্থগিতকরণ (Stop Migration)

নির্দিষ্ট বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত বিভাগ/সাবজেক্ট হতে অপেক্ষাকৃত অধিকতর পছন্দের ঐ বিশ্ববিদ্যালয়ের অথবা অন্য কোন বিশ্ববিদ্যালয়ের বিভাগ/সাবজেক্টে সয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন স্থগিত করতে চাইলে আবেদনকারীকে নিজ দায়িত্বে তা সম্পন্ন করতে হবে। দুইভাবে মাইগ্রেশন স্থগিত করা যাবে। All Migration Stop সম্পন্ন করলে বর্তমানে ভর্তিকৃত বিভাগ ব্যতীত পছন্দক্রমে অন্তর্ভূক্ত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বিভাগে ভর্তির সুযোগ থাকবে না। এছাড়া University Migration Stop সম্পন্ন করলে বর্তমানে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে না। সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অপেক্ষাকৃত অধিকতর পছন্দের বিভাবে মাইগ্রেশনের সুযোগ থাকবে।




Student Panel থেকে Stop All Migration/Stop University Migration বাটনে ক্লিক করলে আবেদনকারীর মোবাইল ফোনে OTP প্রেরণ করে আবেদনকারীর পরিচয় নিশ্চিত করার পরে নিম্নের কনফার্মেশন পেজটি প্রদর্শিত হবে।




এই পেজে সয়ংক্রিয় বিভাগ/সাবজেক্ট মাইগ্রেশন স্থগিত করতে চাইলে নিম্নের ন্যায় Checkbox- এ টিক দেওয়ার




পর Stop Migration বাটনে ক্লিক করতে হবে, অন্যথায় Go Back বাটনে ক্লিক করতে হবে। উল্লেখ্য যে, মাইগ্রেশন স্টপ করলে পুনরায় তা চালু করা সম্ভব নয়। মাইগ্রেশন স্টপ করার পর Subject choice তালিকা নিম্নের ন্যায় দেখাবে।


GST - Universities Integrated Admission System 2

| | | |
|---|---|---|
| 042 | Business Administration, **SUST** | - |
| 043 | Oceanography, **NSTU** | - |
| 044 | Fisheries and Marine Science , **NSTU** | - |
| 045 | Microbiology, **NSTU** | - |
| 046 | Food Technology and Nutrition Science , **NSTU** | - |
| 047 | Environmental Science and Disaster Management , **NSTU** | - |
| 048 | Agriculture, **NSTU** | - |
| 049 | Biochemistry and Molecular Biology, **NSTU** | - |
| 050 | Zoology, **NSTU** | - |
| 051 | Soil, Water and Environmental Sciences, **NSTU** | - |
| 052 | English, **NSTU** | - |
| 053 | Bangladesh and Muktijuddo Studies, **NSTU** | Admitted |
| 054 | Social Science, **NSTU** | - |
| 055 | Information Sceince and Library Management , **NSTU** | - |
| 056 | Department of Business Administration , **NSTU** | - |
| 057 | Tourism and Hospitality Management , **NSTU** | - |
| 058 | Management Information System, **NSTU** | - |
| 059 | Education, **NSTU** | - |
| 060 | Economics, **NSTU** | - |
| 061 | Bangla, **NSTU** | - |
| 062 | Social Work, **NSTU** | - |
| 063 | Education Administration, **NSTU** | - |
| 064 | LAW, **NSTU** | - |
| 065 | Chemistry, **NSTU** | - |
| 066 | Environmental Science and Geography, **IU** | - |

## ১৩। ভর্তি বাতিল (Cancel Admission)

প্রাথমিক ভর্তি চলাকালে কোন আবেদনকারী নিজ ইচ্ছায় ভর্তি বাতিল করতে চাইলে আবেদনকারীকে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় (যে বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র জমা দিয়েছে)-এ সশরীরে উপস্থিত হতে হবে। **মূল কাগজপত্র জমাদানের মূল স্লিপটি অবশ্যই জমা দিতে হবে এবং সংশ্লিষ্ট অফিস থেকে ভর্তি বাতিল করতে হবে। ভর্তি বাতিল নিশ্চিত করলে GST গুচ্ছভুক্ত সকল বিশ্ববিদ্যালয়ের জন্য ভর্তি বাতিল হয়ে যাবে। আবেদনকারী নিজ দায়িত্বে জমাদানকৃত মূল কাগজপত্র সংশ্লিষ্ট অফিস থেকে সংগ্রহ করবে।**

## ১৪। **যে সকল কারনে ভর্তি বাতিল হবে**

নিম্নে উল্লেখিত যে কোন একটি কারন ঘটলে GST-এর সকল বিশ্ববিদ্যালয়ের জন্য **ভর্তি বাতিল হয়ে যাবে**। পরবর্তীতে GST গুচ্ছভূক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।

(ক) প্রাথমিক ভর্তির জন্য প্রথমবার নির্বাচিত হবার পরেও প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করে।

(খ) আংশিক ভর্তি ফি (৫০০০/- টাকা) পরিশোধের পরেও মূল নম্বরপত্র দুটি নির্ধারিত সময়ের মধ্যে (ভর্তি বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে জমা দিতে অপারগ হলে ভর্তি বাতিল হয়ে যাবে।

(গ) নিজ ইচ্ছায় ভর্তি বাতিল করলে।

- **GST Technical Committee**